মূল শব্দাবলীঃ
চিন্তা করা
ভেবে দেখা
প্রকাশ

**Islamic Religious Council of Singapore**

**Friday Sermon**

**21 March 2025 / 20 Ramadan 1446H**

# কোরআনের আলোয় আমাদের প্রাণমনকে পুনরায় জাগ্রত করা (২য় অংশ)

**الحَمْدُ لِلَّهِ الَّذِي أَكْرَمَ أُمَّةَ مُحَمَّدٍ بِلَيْلَةِ القَدْرِ، وَجَعَلَهَا خَيْرًا مِنْ أَلْفِ شَهْرٍ، وَأَلْقَى فِيهَا السَّلَامَ حَتَّى مَطْلَعِ الفَجْرِ، وَأَشْهَدُ أَنْ لَا إِلٰهَ إِلَّا اللّٰهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ سَيِّدُ الخَلَائِقِ وَالبَشَرِ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَمَنْ تَبِعَهُمْ إِلَى يَوْمِ الحَشْرِ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الْبِرِّ، اتَّقُوا اللّٰهَ وَاجْتَنِبُوا كُلَّ شَرٍّ. قَالَ اللّٰهُ عَزَّ وَجَلَّ:**

**﴿لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِنْ أَلْفِ شَهْرٍ﴾**

**মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমতপ্রাপ্ত সম্মানিত সুধী,**

আসুন, আমরা তাকওয়াকে আমাদের নৈতিক মূল্যবোধের দিকদর্শন গণ্য করি যা আমাদেরকে মহান আল্লাহ সুবহানাহু তা'আলার সকল আদেশ মেনে চলতে এবং তাঁর সকল নিষেধগুলি থেকে দূরে থাকতে আমাদেরকে পথপ্রদর্শন করে থাকে। আসুন, আমরা মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার নিকট অন্তর দিয়ে প্রার্থনা করে মিনতি জানাই যে, তিনি যেন আমাদিগকে লাইলাতুল ক্বদর প্রত্যক্ষ করার স্বর্গীয় করুণা প্রদর্শন করেন। আমীন! ইয়া রাব্বাল আলামীন!

**সম্মানিত ভাইয়েরা,**

গত সপ্তাহের খুতবায় আমরা আলোচনা করেছি কোরআনের মাধ্যমে আমাদের অন্তরকে পবিত্র করে পুনরুজ্জীবিত করার তিনটি পথের কথা। আজ আমরা আরো দুইটি অতিরিক্ত পদ্ধতি এখানে তুলে ধরবঃ

১। পবিত্র কোরআনের আলোয় নিজেকে পরিলক্ষণ করা এবং তা আমাদের নিজেদের জীবনে অনুশীলন করা।

সুরা আস-সাদের ২৯ নম্বর আয়াতে পরম করুণাময় আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ইরশাদ করেছেন,

كِتَـٰبٌ أَنزَلْنَـٰهُ إِلَيْكَ مُبَـٰرَكٌ لِّيَدَّبَّرُوٓا۟ ءَايَـٰتِهِۦ وَلِيَتَذَكَّرَ أُو۟لُوا۟ ٱلْأَلْبَـٰبِ ﴿٢٩﴾

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাদের সামনে চিহ্ন বা ইশারা দিয়ে রেখেছেন যেন আমরা পবিত্র কোরআন শরীফ নিয়ে চিন্তা-ভাবনা করি যেখানে বারবার করে মানুষকে স্মরণ করে দেয়া হয়েছে, যে এই পুস্তকের অমূল্য অবিনাশী শিক্ষা আমাদের জীবনের পথকে আলোকিত করেছে। কোরআন সম্পর্কে এত গভীর ভাবনা আমাদের কেবল বোঝার জ্ঞানকেই সমৃদ্ধ করে না এটা আসলে আমাদের অন্তরের প্রতিবিম্ব হিসাবে কাজ করে, ভাল করে দেখে যখন আমরা আমাদের শিক্ষার বিপরীতে কিছু করতে যাই তখন তার বিরুদ্ধাচরণ করে এবং আমাদের ধর্মীয় কার্যকলাপের হিসাব রাখতে থাকে।

**জুমরাতুল মুমিনিন রাহিমাকুল্লাহ,**

আমরা এখন রামযান মাসের শেষ দশ দিনে প্রবেশ করছি। আমরা লাইলাতুল ক্বদর এর দ্বারপ্রান্তে এসে পৌঁছেছি। লাইলাতুল ক্বাদর হল এমন একটি রাত – যা হাজার মাসের চেয়েও অধিক বরকতময় একটি রাত। আসুন, এই সময়ে আমরা আমাদের প্রতিজ্ঞাকে নবায়ণ করে পবিত্র কোরআনের আলোয় আমাদের

প্রতিটি সময়ের সর্বোচ্চ সদব্যবহার করতে পারি, আমাদের দৈনিন্দিন জীবনের ক্যানভাসে পবিত্র কোরআন স্বর্গীয় পথিনির্দেশনার বুনন গেঁথে দেয়। এই ব্যাপারে চারটি বক্তব্য আপনাদের সামনে তুলে ধরতে চাই-

**<u>প্রথমতঃ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলাকে স্মরণ করা</u>**

সুরা বাকারার ১৫২ নম্বর মহান আল্লাহ (সঃ) আয়াতে ইরশাদ করেছেন,

فَٱذۡكُرُونِيٓ أَذۡكُرۡكُمۡ وَٱشۡكُرُواْ لِي وَلَا تَكۡفُرُونِ ١٥٢

অর্থঃ “সুতরাং তোমরা আমাকে স্মরণ কর, আমিও তোমাদের স্মরণ রাখবো এবং আমার কৃতজ্ঞতা প্রকাশ কর; অকৃতজ্ঞ হয়ো না” ।

আমাদেরকে মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলাকে স্মরণ করার ব্যাপারটিকে গভীরভাবে ভেবে দেখার জন্য বলা হয়েছে কারণ এটা আমাদের আত্মাকে পরিশুদ্ধ করে এবং তাঁর সঙ্গে আমাদের সম্পর্ক দৃঢ় করে। মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলাকে স্মরণ করতে গিয়ে আমাদের মধ্যে যদি কমতি কিছু দেখা দেয়, তাহলে আসুন মহান আল্লাহ সুবহানাহু তা’আলার প্রতি আমাদের ভক্তি তাঁর সুন্দর নামসমূহের বা আসমাউল হুসনার কথা চিন্তা করে আরো দৃঢ় করি।

**<u>দ্বিতীয়তঃ মহান আল্লাহ সুবহানাহু তা’আলার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করা</u>**

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা’আলা সুরা মুলকের ২৩ নম্বর আয়াতে ইরশাদ করেছেন,

قُلۡ هُوَ ٱلَّذِيٓ أَنشَأَكُمۡ وَجَعَلَ لَكُمُ ٱلسَّمۡعَ وَٱلۡأَبۡصَٰرَ وَٱلۡأَفۡـِٔدَةَۖ قَلِيلٗا مَّا تَشۡكُرُونَ ٢٣

অর্থঃ **বলুন, তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং দিয়েছেন কর্ণ, চক্ষু ও অন্তর। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ কর।**

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা যত রহমত প্রদান করেছেন তার জন্য তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রকাশের কথা ভাবতে উৎসাহিত করা হয়েছে। আজকের খুতবা যে আমরা শুনতে পারছি এবং খুতবার ঘটনাটি প্রত্যক্ষ করতে পারছি কারণ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আমাদের শোনার ও দেখার ক্ষমতা দিয়েছেন। আমাদের দেখতে হবে, এই যে আমাদের মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি যে বিশ্বাস, তাঁর দেখানো পথ, তাঁর প্রেরিত কোরআন, এই রমযান মাস, আমাদের দোয়া পাঠ যা তিনি গ্রহণ করছেন, এবং অন্যান্য আরো যত রহমত আমরা পেয়ে থাকি, সে সবের জন্য তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতাস্বরূপ আমরা কতবার 'আলহামদুলিল্লাহ'' বলি বা যিকির করে থাকি!

**<u>তৃতীয়তঃ মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি আনুগত্য প্রদর্শন</u>**

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা সুরা আল ইমরানের ১৩২ নম্বর আয়াতে ইরশাদ করেছেন,

وَأَطِيعُوا۟ ٱللَّهَ وَٱلرَّسُولَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ ﴿١٣٢﴾

অর্থঃ আর তোমরা আনুগত্য কর আল্লাহ ও রসূলের, যাতে তোমাদের উপর রহমত করা হয়।

এই আয়াতটি চমৎকারভাবে আমাদের প্রতিদিনের পছন্দের কাজের সাথে মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রহমতের, করুণার সাথে সম্পৃক্ততের কথা বলে -এর মধ্যে আছে স্বাভাবিক কথাবার্তার সময় অন্যের নামে বাজে কথা বলা থেকে নিজেকে সংযত করা, খুব যানযটের মধ্যে ধৈর্যধারণ করা,শত ক্লান্তিতেও আমাদের নামাজসমূহ ঠিক সময়ে পড়ে ফেলা। মহান আল্লাহু সুবহানাহু ওয়া তা'আলা এবং তাঁর রাসুল (সঃ) এর প্রতি আনুগত্য প্রদর্শনের প্রতিটি কাজ তা যত ছোটই হোক না কেন মহান আল্লাহ সুবহানাহু ত'আলার রহমত প্রাপ্তির জন্য তা হবে আর একটি পাথর সোপান।

**চতুর্থতঃ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার ইবাদত করা**

মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলাকে ইবাদত করা আমাদের সবরকম ধর্মীয় কার্যক্রমকে অতিক্রম করে যায়। এটা আমাদের বেঁচে থাকার সারমর্ম, আমাদের প্রতিটি সচেতন নিঃশ্বাসের সাথে এবং হৃদপিন্ডের প্রতিটি স্পন্দনের সাথে জড়িত। যখন আমরা আমাদের প্রতিটি চিন্তা এবং কাজ মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা প্রদত্ত পথের সাথে একত্রীভূত হয়ে যায়,তখন আমাদের প্রতিটি মুহূর্তে করা কাজ হয়ে ওঠে ধর্মীয় কাজ। সংক্ষেপে বলা যায়, আমরা পবিত্র কোরানের শিক্ষায় নিঃশ্বাস নিয়ে আমাদের জীবন যাপন করি।

যুমরাতাল মুসলেমিন রাহিমাকুমুল্লাহ,

আমি প্রথমে আমার নিজের কাছে এবং এই মসজিদে উপস্থিত সকলের কাছে অনুরোধ জানাই এই মর্মে যে আমরা যেন আমাদের মূল্যবান সময়গুলোর সদ্ব্যবহার করে কুরআনের সাথে আমাদের সম্পর্ককে আরও গভীর করি এবং আমাদের দৈনন্দিন জীবনের বুননে ঐশ্বরিক পথনির্দেশনাগুলিকে যুক্ত করি। আসুন ইবাদতের প্রতি আমাদের অভিপ্রায়কে আরও বিশুদ্ধ করি, এবং আন্তরিকতার সাথে দোয়ার জন্য হাত তুলি, আল্লাহর দরবারে কাতর মিনতি জানাই যাতে তিনি আমাদেরকে পবিত্র লাইলাতুল কদর প্রত্যক্ষ করার এবং রমজানের বাকী দিনগুলিকে নতুন উদ্যমের সহিত গ্রহণ করার শক্তি ও সুস্থতা দান করেন

ইয়া আল্লাহ, ইয়া সালাম আপনি আমাদের অন্তরে শান্তি ও প্রশান্তির বীজ বপন করুন আর যখনই আমার অন্তর থেকে আপনার ডাক আসে তখনই আমাদের জিহবা আপনার নাম মনে করে!

ইয়া শুকুর আপনার সকল রহমতের জন্য আমাদের অন্তরে কৃতজ্ঞতা স্থাপন করুন এবং আমাদের অন্তরকে আত্মপ্রশংসা ও অহংকার থেকে বিশুদ্ধ করুন।

ইয়া জাল জালাই ওয়াল ইকরাম, আপনি ছাড়া আর কোন প্রভু নাই যাকে আপনার মত সম্মান করে ইবাদত করা যায়। তাই আমাদের অন্তরে আপনাকে ইবাদত করার জন্য ভালবাসার বীজ বপন করুন।

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم.

## Second Sermon

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ الله، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَال فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ.

হে আল্লাহ, আমরা এই করুণা ও ক্ষমার মাস প্রত্যক্ষ করতে পারছি বলে আপনার নিকট কৃতজ্ঞ। ইয়া রাহমান, আমাদের সকল পাপ ক্ষমা করুন। ঈয়া গাফুর, আমাদের জীবন দীর্ঘায়িত করুন যাতে আমরা রমযান মাসের বাধ্যতামূলক কাজগুলি সম্পূর্ণ করতে পারি এবং আমাদের সকল কামনা এবং শয়তানের কানাঘুষা থেকে মুক্ত হয়ে ন্যায়সঙ্গতাভাবে, ভক্তি, আন্তরিকতা, বিশুদ্ধতার সঙ্গে মুক্তচিত্তে পূর্ণাঙ্গভাবে রোযা পালন করে যেতে পারি । যাতে আমরা আপনার বান্দা হিসাবে বেহেশতে প্রবেশ করতে পারি যা আপনি আপনার প্রতি বিশ্বাসীদেরকে দেবেন বলে প্রতিজ্ঞা করেছেন।

রমযানের এই মাসে আমরা আপনার অনুগ্রহ প্রার্থনা করি, ইয়া লতিফ, যেন এই দুঃসময়ে আপনি প্যালেস্টাইনের সকল মানুষের জন্য এবং আমাদের নবী করিম (সঃ) এর সকল উম্মত যাঁরা দুশ্চিন্তা, ভয় এবং নির্যাতনের দ্বারা পীড়িত অবস্থায় আছেন আপনার শান্তি ও নিরাপত্তার দুয়ার তাঁদের সকলের জন্য উন্মুক্ত করে দিন।

হে আল্লাহ, আমাদের ইহকালে এবং পরকালে আপনি আমাদের জন্য মঙ্গল প্রদান করুন এবং আগুনের আযাব থেকে আমাদেরকে এবং আমাদের সকল প্রিয়জনকে রক্ষা করুন।

**عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تَذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.**